Commission On Human Rights

গর্বের সাথে বাঁচা: LGBTQIA+ অধিকার বুঝে নেওয়া

নিউ ইয়র্ক সিটিতে (New York City), প্রকৃত বা আপাত সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচয়ের কারণে বৈষম্য করা **বেআইনি**। এর মধ্যে আছে লিঙ্গ বহিঃপ্রকাশ, ইন্টারসেক্স ব্যক্তি, এবং আপাত লিঙ্গের বিরুদ্ধে বৈষম্য। অনেক ক্ষেত্রে এই সুরক্ষা প্রযোজ্য, যার মধ্যে আছে চাকরি, স্কুল, আবাসন, এবং পাবলিক স্পেস। নিউ ইয়র্ক সিটি হিউমেন রাইটস ল (Human Rights Law) এছাড়াও LGBTQIA+ কমিউনিটিগুলিকে প্রতিশোধ, বৈষম্যমূলক হয়রানি, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী পক্ষপাতমূলক প্রোফাইলিং থেকে সুরক্ষা দেয়।

নিউ ইয়র্ক সিটিতে LGBTQIA+ সুরক্ষা সম্পর্কে যে 5টি বিষয় সকলের জানা উচিত

1. LGBTQIA+ ব্যক্তিদের চাকরি, আবাসন, এবং পাবলিক স্পেসে সমান ব্যবহার পাওয়ার অধিকার আছে। কোনো ব্যক্তির সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচয়ের কারণে তাদের হয়রানি করা, সেবা দিতে অস্বীকার করা, বা কারো সাথে অন্যায় আচরণ করা বেআইনি।
2. চাকরিদাতারা ড্রেস কোড স্ট্যান্ডার্ড বা লিঙ্গের গতানুগতিকতা অনুযায়ী নিয়ম প্রয়োগ করতে পারবেন না।
3. আপনার পছন্দের নাম বা সর্বনাম ব্যবহার করা জন্য বা আপনার লিঙ্গ পরিচয়ের সাথে সবথেকে সঙ্গতিপূর্ণ ফ্যাসিলিটি ব্যবহার করার জন্য আপনাকে আপনার লিঙ্গ পরিচয়ের "প্রমাণ" দিতে হবে না।
4. আপনার সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচয়ের কারণে কোনো বাড়িওয়ালা আপনার সাথে ভিন্ন আচরণ করতে পারবেন না, অর্থাৎ তারা আপনাকে একটি লীজ দিতে, বেশি ভাড়া নিতে, সেবা সীমিত করতে, বা মেরামত করতে অস্বীকার করতে পারবেন না। বাড়িওয়ালা, তাদের কর্মী, এবং অন্যান্য ভাড়াটিয়ার হয়রানির স্বীকার না হওয়ার অধিকার আপনারও আছে।
5. আপনার সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচয় যাই হোক না কেনো, আপনার চাকরিদাতাকে অবশ্যই সমান বেনিফিট দিতে হবে।

বৈষম্য রিপোর্ট করুন

22 Reade Street
New York, NY 10007

212-416-0197

www.NYC.gov/CCHR
@NYCCHR